দৈনিক
জনকণ্ঠ

তারিখ 29 SEP 2016
পৃষ্ঠা ৮ কলাম ৬

# বাউফলে এক প্রাইমারী স্কুল চলছে দফতরি দিয়ে

**নিজস্ব সংবাদদাতা, বাউফল, ২৮ সেপ্টেম্বর ॥** বাউফলের চন্দ্রদ্বীপ ইউনিয়নের চর ওয়াডেল সরকারী প্রাইমারী স্কুল চলছে একজন দফতরি দিয়ে। ওই স্কুলে ৭ শিক্ষক থাকার কথা থাকলেও কাগজেকলমে তিনজন আর বাস্তবে রয়েছেন একজন। তিনিও আবার পাশের এলাকার পঞ্চম শ্রেণীর মডেল টেস্ট পরীক্ষার দায়িত্বে রয়েছেন। রবিবার দুপুরে সরেজমিন তেঁতুলিয়া নদী পাড়ি দিয়ে চন্দ্রদ্বীপ ইউনিয়নের ওই স্কুলে গিয়ে দেখা গেছে, দফতরি কাম নৈশপ্রহরী হেমায়েত উদ্দিন (২৮)। তৃতীয় শ্রেণীর ক্লাস নিচ্ছেন। চতুর্থ শ্রেণীতে কোন শিক্ষক নেই। শিক্ষার্থীরা খেলা করছে। এ সময় দেয়াতে হেমায়েত উদ্দিন জানান, ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক পঞ্চম শ্রেণীর ৩১ শিক্ষার্থী নিয়ে পাশের স্কুলে মডেল টেস্ট পরীক্ষা দেয়াতে গেছেন। চরকচুয়া-মিয়াজান সরকারী প্রাইমারী স্কুল কেন্দ্রে শনিবার থেকে ওই ইউনিয়নের ৫টি প্রাইমারী স্কুলের পঞ্চম শ্রেণীর শিক্ষার্থীদের মডেল টেস্ট পরীক্ষা শুরু হয়েছে। তাই হেমায়েত উদ্দিন ওই দিন থেকেই তার স্কুলের অন্যান্য শ্রেণীর শিক্ষার্থীদের ক্লাস নিচ্ছেন। জানা গেছে, চর ওয়াডেল সরকারী প্রাইমারী স্কুলে মোট ৩০৩ শিক্ষার্থী রয়েছে। সে হিসেবে শিক্ষক থাকার কথা ৭ জন। মার্চ মাস পর্যন্ত ওই স্কুলে শিক্ষক ছিলেন ৪ জন। এর মধ্যে থেকে এক জনকে ওই মাসের শেষের দিকে নীতিমালা উপেক্ষা করে বদলি করা হয়েছে। বাকি তিনজনের মধ্যে আল মামুন পাশের চরব্যারেট সরকারী প্রাইমারী স্কুলে প্রেষণে আছেন। জোবায়দা খাতুন নামের আরেক শিক্ষক তিনি ২০১২ সালের এপ্রিল মাসে যোগদান করলেও অদৃশ্য কারণে স্কুলে পাঠদান না করিয়েই নিয়মিত বেতন-ভাতা উত্তোলন করছেন।